



তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ  
০১ ডিসেম্বর ২০২০ ইং

## নোটিশ


### ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স শ্রেণিতে ভর্তি সংক্রান্ত

বি.এস.এস (অনার্স) ৪র্থ বর্ষ ৮ম সেমিস্টার পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এম.এস.এস শ্রেণিতে ভর্তির কার্যক্রম শুরু হয়েছে। ভর্তির কাজ সম্পন্ন করার লক্ষ্যে বিভাগ থেকে ব্যাংক রসিদ সংগ্রহ করে চেয়ারম্যান, শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ নামে সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় ৩,৭০০ (তিন হাজার সাতশত) টাকা জমা দিতে হবে। ব্যাংকে টাকা জমা দেয়ার রসিদ (রসিদের পিছনে অবশ্যই নাম, রোল, ব্যাচ, সেশন ও মোবাইল নাম্বার লিখে দিতে হবে) বিভাগীয় অফিসে জমা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ এবং যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ বিভাগীয় অফিসে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বিশেষভাবে বলা হচ্ছে। ভর্তি ফরমে বিভাগীয় চেয়ারম্যান মহোদয় স্বাক্ষর করার পর ছাত্র-ছাত্রীকে নিজ দায়িত্বে ফরমটি হল অফিসে জমা দেয়ার জন্য বলা হচ্ছে।

যথাযথ স্বাস্থ্যবিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে ভর্তি সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

এম.এস.এস এর ভর্তি ফরমের সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।

- ১। বি.এস.এস. ফাইনাল পরীক্ষার মার্কসিটের ফটোকপি (বিভাগীয় শিক্ষক কর্তৃক সত্যায়িত)
- ২। পিতা-মাতার আয়ের সনদ।
- ৩। ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি (ফরমে ছবি আঠা দিয়ে লাগাতে হবে)

  
(সাইফুদ্দীন আহমদ) ০১/০২/২০২০

চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক  
শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়।

